

নতুন ধারার দৈনিক

# আমাদের ময়

## কওমি জননী উপাধি পেলেন শেখ হাসিনা

প্রকাশ | ০৫ নভেম্বর ২০১৮, ০০:০০



নিজস্ব প্রতিবেদক

আল হাইয়াতুল উলহায়া লিল জামিয়াতিল কওমিয়া বাংলাদেশ আয়োজিত শোকরানা মাহফিলে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'কওমি জননী' উপাধি দেওয়া হয়েছে। গতকাল রবিবার রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে অনুষ্ঠিত মাহফিলে তাকে এ উপাধিতে ভূষিত করা হয়। কওমি শিক্ষা সনদের স্বীকৃতি দেওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভূয়সী প্রশংসা করেছেন কওমিপত্রি আলেমরা। এ স্বীকৃতি প্রদানে মূল ভূমিকা পালন করায় তারা প্রধানমন্ত্রীর প্রতি ক্রতজ্জ্বতা প্রকাশের পাশাপাশি তার দীর্ঘায়ু কামনা করেন।

প্রধানমন্ত্রীকে সংবর্ধনা জানাতে শোকরানা মাহফিল অনুষ্ঠানের আলোচনার এক পর্যায়ে আওয়ামী লীগের ধর্মবিষয়ক সম্পাদক শেখ মোহাম্মদ আবদুল্লাহ জানান, আলেম ওলামারা প্রধানমন্ত্রীকে 'কওমি জননী' উপাধিতে ভূষিত করেছেন। এ সময় উপস্থিতি আলেমরা মাথা নাড়িয়ে তাদের সম্মতি প্রকাশ করেন। এ সময় শেখ মোহাম্মদ আবদুল্লাহ বলেন, তা হলে কী স্পষ্ট হলো? স্পষ্ট হলো শেখ হাসিনা আপনাদের মা। তা হলে মায়ের প্রতি আপনাদের দায়িত্ব কী? মায়ের দায়িত্বের প্রতি আপনাদের মনে থাকবে? সমবেত জনতা হাত তুলে বলেন, ইনশাল্লাহ মনে থাকবে।

এ সময় শেখ মোহাম্মদ আবদুল্লাহ বলেন, আপনারা কি মওদুদীর সনদ চান না মদিনা সনদ চান? এ সময় উপস্থিতি আলেমরা সমবেতভাবে বলেন, আমরা মদিনা সনদ চাই।

শোকরানা মাহফিলের সভাপতিত্ব করেন আল্লামা শাহ আহমদ শফী। শোকরিয়া মাহফিলের বক্তৃতায় মুফতি বক্তৃল আমিন ইসলামের জন্য প্রধানমন্ত্রীর বিশেষ অবদানের কথা তুলে ধরে ভূয়সী প্রশংসা করেন। এর আগে মাওলানা আবদুল কুদ্দুস, আল্লামা আশরাফ আলী, মাওলানা আজাহার আলী আনোয়ার, মাওলানা ফরিদ উদ্দীন মাসউদ, মাওলানা আবদুল বাহির, মাওলানা আরশাদুর রহমান, মাওলানা আবদুল কুদ্দুস, মাওলানা তরিকুল ইসলাম, মুফতি কেফায়েত উল্লাহ, মাওলানা মোবারক উল্লাহ, মাওলানা আমিন হাসনাত আমিনী প্রমুখ তাদের বক্তৃতায় কওমি সনদের স্বীকৃতি দেওয়ায় প্রধানমন্ত্রীর ভূয়সী প্রশংসা করেন। মুফতি ফয়জুল্লাহ বলেন, দেশের অগ্রযাত্রায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবদান অবিস্মরণীয়। তিনি কওমিদের জন্য যা করেছেন তার জন্য তিনি ইহকাল ও পরকালে উত্তম বিনিময় পাবেন।

**ভারপ্রাপ্ত সম্পাদক :** মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি